

স্মারক: ০৩.৮০৫.০০৩.০০.০০.০২১.২০১৬-৪১৯

তারিখ: ০৩ মার্চ ২০১৬

বিষয়ঃ WSIS পুরস্কার ২০১৬-এ প্রাথমিকভাবে মনোনীত 'সেবা পদ্ধতি সহজীকরণ' 'পরিবেশ অধিদপ্তরের অনলাইন ছাড়পত্র', 'শিক্ষক বাতায়ন' এবং 'কৃষকের জানালা'-শীর্ষক ৪টি প্রকল্পকে চূড়ান্তভাবে নির্বাচিত করার জন্য ভোট প্রদান প্রসঙ্গে।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বৃপকল্প ২০২১ বাস্তবায়ন তথা জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের পক্ষ থেকে নানামূলী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি), জেলা ই-সেবা কেন্দ্র, মাল্টিমিডিয়া ক্লাসরুম, শিক্ষক বাতায়ন, জাতীয় তথ্য বাতায়ন, সেবা পদ্ধতি সহজীকরণ, ইনোভেশন ফান্ড উল্লেখযোগ্য। তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর জন্য ২০১৪ সালে ইউনিয়ন ডিজিটাল সেন্টার এবং ২০১৫ সালে জাতীয় তথ্য বাতায়ন 'ওয়ার্ল্ড সামিট ফর ইনফরমেশন সোসাইটি (WSIS)' পুরস্কার লাভ করে।

এবার হ্যাট্রিকের সম্ভাবনায় বাংলাদেশ। ২০১৬ সালের 'ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইট (WSIS)' পুরস্কার-এর জন্য তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের ৪টি উদ্যোগ মনোনীত হয়েছে। উদ্যোগগুলো হল, 'সেবা পদ্ধতি সহজীকরণ-এসপিএস (ক্যাটেগরী-৬)', 'পরিবেশ অধিদপ্তরের অনলাইন ছাড়পত্র (ক্যাটেগরী-৭)', 'শিক্ষক বাতায়ন (ক্যাটেগরী-৯)' এবং 'কৃষকের জানালা (ক্যাটেগরী-১৩)'। বিগত দুই বছরের মতো এখন শুধুমাত্র ভোটের মাধ্যমে এই তথ্য প্রযুক্তি খাতে বিশ্বের সবচেয়ে সন্মানজনক পুরস্কার বাংলাদেশের জন্য নিশ্চিত ও হ্যাট্রিকের স্বপ্নকে বাস্তবায়ন করা সম্ভব। প্রাথমিকভাবে মনোনীত এ ৪টি উদ্যোগকে চূড়ান্ত বিজয়ী করতে এবং বিশ্বের অন্যান্য দেশের উদ্যোগের সাথে প্রতিযোগিতায় লড়াই করে পর পর ৩ বার এই শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য ভোট দরকার। আর একটা ইমেইল থাকলেই অনলাইনে ভোট প্রদান করা সম্ভব। ভোট প্রদানের শেষ সময় আগামী ১০ মার্চ, ২০১৬।


ভোট দানের পদ্ধতি সম্পর্কে নিম্নোক্ত সাইটে বিস্তারিত তথ্য রয়েছে:

ভোট প্রদানের নিয়মাবলী : (ভিডিও) <https://goo.gl/OGO9Ff>

ভোট প্রদানের নিয়মাবলী)pdf) দেখতে ক্লিক করুন- <https://goo.gl/ahMTJO>

ভোট প্রদানের লিংক- <http://goo.gl/8fRVNh>

এমতাবস্থায়, সমৰ্থ সভা, ইউএনও অফিসসহ বিভিন্ন সরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, ডিজিটাল সেন্টার, সাইবার ক্যাফে এবং ক্লাবগুলোতে ভোট প্রদানের আয়োজনসহ এ বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।



(কবির বিন আনোয়ার)

মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম

ই-মেইল: kabirbinanwar@pmo.gov.bd

জেলা প্রশাসক

সকল জেলা।